

জাগো নব প্রাণে

□ শিউলি শর্মা

তোমারি কিরণবাণে
চোখ বুলে নূর্যমুখী
কামনা বাসনা -
কোথা থেকে আসে ওরা মেঘ জল,
শিশিরের কথা।

সন্ধ্যার গোখলিরাগে
দিগন্তের পার হতে আসে
অনন্তের বাণী, শেষ নাই জানি
তবু তুচ্ছ ক্ষুদ্র জলবিন্দু মিনার-
সাগরে, মহাকাল স্পর্শে হয় সোনা,
ভীত সন্ত্রস্ত চিন্তে, দুর্বল মেরুদণ্ড হতে
কি করে বৃষ্টি বল তোমার মহিমা।

হয়ঝু কোথা হতে পায় সব
অপক্লপ রূপ, কখনো ময়ুরাঙ্গী
কখনো ধ্বংসের স্তম্ভ।
ফুলের গন্ধ, শ্রাবণের টলটলে জল
ঋতুভেঙ্গে ভরপুর মহরা মাদল,
খোলো তব দ্বার, বায়ুহীন মহাকাশে
দেখি, কি কথা, কি আনন্দ,
লক্ষ লক্ষ কোটি কোটি ছায়াপথ পারে
কে আমায় ডাকে,
আমি তারে গুনি বনের পথে
ঝাঁঝিঁ মর্মভেদী তানে,
মধ্যরাতে, শব্দহীন, মৃত্যুহীন প্রাণের বোধনে,
বাজাও বাজাও তুমি
সৃষ্টি থেকে তোনো টেনে বীণা,
ধ্বংস স্তম্ভ সংশ্লেষে
জাগাও নব প্রাণের গরিমা।